# ECHO OF HIS CALL

# আহ্বানের প্রতিধ্বনি

BENGALI

ECHO OF HIS CALL 1969-2019 GOLDEN JUBILEE

REACHING NATIONS

India's National Spiritual Newspaper

₹ 10/-

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor: Rev. Dr. ANJAN KUMAR SINGH

Vol. XXV | JULY 2023 | No. 05


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

যিশাইয় ৪৯:১-৬

১। ওহে দ্বীপনিবাসীরা, আমার কথা শোনো;দূরবর্তী জাতি সমূহ, তোমরা একথা শোনো;আমার জন্ম হওয়ার পূর্বে সদাপ্রভু আমাকে আহ্বান করেছেন। আমার জন্ম হওয়া থেকে তিনি আমার নামের উল্লেখ করেছেন।

২। তিনি আমার মুখকে করেছেন ধারালো তরোয়ালের মতো, তাঁর হাতের ছায়ায় তিনি আমাকে লুকিয়ে রেখেছেন; তিনি আমাকে গঠন করেছেন এক শাণিত তিরের মতো, এবং আবৃত রেখেছেন তাঁর তূণের মধ্যে।

৩। তিনি আমাকে বলেছেন,"তুমি আমার দাস, তুমি ইস্রায়েল, তোমার মাধ্যমেই আমি মহিমান্বিত হব।"

৪। কিন্তু আমি বললাম, "আমি উদ্দেশ্যহীনভাবে পরিশ্রম করেছি; বৃথাই আমার শক্তি অসারতার জন্য নিঃশেষিত হয়েছে। তবুও, আমার যা প্রাপ্য, তা সদাপ্রভুর হাতে আছে, আমার পুরস্কার আছে আমার ঈশ্বরের কাছে।"

৫। আর এখন সদাপ্রভু বলেন, যিনি তাঁর দাস হওয়ার জন্য আমাকে মাতৃগর্ভে গঠন করেছিলেন, যেন যাকোব কুলকে তাঁর কাছে ফিরিয়ে আনা হয় ও ইস্রায়েলকে তাঁর কাছে সংগ্রহ করা হয়, কারণ সদাপ্রভুর দৃষ্টিতে আমি সম্মানিত হয়েছি, আমার ঈশ্বরই হয়েছেন আমার শক্তিস্বরূপ।

৬। তিনি বলেন, "যাকোবের বিভিন্ন গোষ্ঠীকে পুনঃস্থাপিত করার এবং আমার সংরক্ষিত ইস্রায়েলের লোকদের ফিরিয়ে আনার জন্য তুমি যে আমার দাস হবে, তা অতি সামান্য ব্যাপার। আমি তোমাকে অইহুদিদের কাছে দীপ্তিস্বরূপ করব, যেন পৃথিবীর প্রান্তসীমা পর্যন্ত তুমি আমার পরিত্রাণ নিয়ে আসতে পারো।"

# পছন্দগুলি CHOICES!

(সিস্টার অ্যাঞ্জেলীন সেলভাকুমারী)

আমাদের দৈনিক জীবন অসংখ্য পছন্দে পরিপূর্ণ। প্রত্যেকটি পছন্দের জন্য বিভিন্ন পরিণতি আছে। কয়েকটি তাৎপর্যপূর্ণ এবং কয়েকটি তাৎপর্য পূর্ণ নয়। কয়েকটি জীবন পরিবর্তনকারী হতে পারে যেমন জীবনসঙ্গী মনোনীত করা, পেশা মনোনীত করা ইত্যাদি। কয়েকটি দৈনিক এবং একঘেয়ে যেমন কী পরিধান করবো, কী খাব ইত্যাদি বেছে নেওয়া। ঈশ্বর যখন মানবজাতি সৃষ্টি করেছিলেন, তিনি তাদের স্বাধীন ইচ্ছাসহ সৃষ্টি করেছিলেন। মানুষের ভালো অথবা মন্দ পছন্দ করার ক্ষমতা আছে। যাইহোক, ঈশ্বর সর্বদা আমাদের নির্দেশাবলি দেন, তার সঙ্গে তিনি তাঁর প্রত্যাশার বিষযগুলিও দেন কিন্তু তিনি কখনও তাঁর ইচ্ছা মতো পছন্দ করতে আমাদের বাধ্য করেন না। ঈশ্বর চান আমরা যেন আমাদের নিজেদের স্বাধীন ইচ্ছা মতো পছন্দ করি যা তিনি আমাদের জন্য পরিকল্পনা করেছেন।

আমাদের সমগ্র বিশ্বব্রহ্মাণ্ডের ঈশ্বর আমাদের এতো ভালোবাসেন যে তাঁকে ভালোবাসার এবং জানার বিষয়টি মনোনীত করার জন্য তিনি আমাদের স্বাধীনতা দিয়েছেন। আমাদের সার্বভৌম ঈশ্বর যে কোনও পরিস্থিতিতে তাঁকে মনোনীত করার জন্য আমাদের বাধ্য করেন না। তিনি সর্বদা মানবজাতির সঙ্গে সম্পর্ক করতে চান, কিন্তু এর জন্য তিনি আমাদের উপর হস্তক্ষেপ করেন না; তার পরিবর্তে যতক্ষণ না আমরা তাঁকে আরও অধিক জানার জন্য মনোনীত করি ততক্ষণ তিনি শান্তভাবে অপেক্ষা করেন।

(ক্রমশঃ ৩ পৃষ্ঠায়)


তাঁর আহ্বানের প্রতিধ্বনি

ইউ টিউব খ্রীষ্টিয়ান চ্যানেল !



আপনি পাস্টর এস. স্যাম সেলভা রাজের সঙ্গে প্রার্থনা করার সুযোগ পাবেন।

Message, prayer in 5 minutes!!

৫ মিনিটের বাণী!!

ইংরাজী এবং হিন্দি

প্রত্যেক দিন ভোর ৪টে

তামিল এবং তেলেগু - ভোর ৫টা

তামিল ভাষায় রবিবারের উপাসনা - সকাল ৮.৩০

# আহ্বানের প্রতিধ্বনি – (১৯৬৯-২০১৯ সুবর্ণ জয়ন্তী বর্ষ)

REACHING NATIONS

## *from your dearly beloved brother...*





**আমাদের মিশনের নীতি**

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।

**CHIEF EDITOR**

Pastor Alex Samson Sam, B.Th., M.Div.

**ADMINISTRATION**

Bro. N. Prakasam, M.A., General Manager
Dr. Rabinder Boaz, M.S.
Bro. K. Puratchivendan

**EDITORIAL BOARD**

Sis. Jesy Veena Sam
Sis. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.
Dr. A. Richard Samuel, M.A., Ph.D.
Rev. Dr. K.R. Rajasekaran

**EDITOR, PUBLISHER & PRINTER**

Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.

Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 95661 31858

**E.mail ID**

sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in

**WEBSITES**

www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.com

**YOUTUBE CHANNEL**

Echo of His Call

**"...সদাপ্রভুর অবিচল প্রেম সেই ব্যক্তিকে ঘিরে রাখে যে তাঁর উপর নির্ভর করে।"** গীতসংহিতা ৩২:১০

প্রভুতে প্রিয় ভাই এবং বোনেরা,

আমাদের প্রভু এবং ত্রাণকর্তা যীশুর মধুর নামে আপনাদের সকলকে শুভেচ্ছা জানাই।

আমাদের পরিচর্যার সমস্ত দিকে প্রভু যীশু খ্রীষ্ট আমাদের প্রতি মঙ্গলময় থেকেছেন। সুতরাং আসুন আমরা স্থানীয় মণ্ডলীগুলোর সঙ্গে যুক্ত হয়ে কিছু সুসমাচার প্রচারের কাজ করার জন্য এই দিনগুলিকে ব্যবহার করি। আর ঈশ্বরের রাজ্য বিস্তার করি।

আমরা যখন এই জগতের দিকে দৃষ্টিপাত করি তখন আমরা যুবক যুবতীদের চার্চ এবং পরিচর্যার কার্যকলাপ থেকে বিরত থাকার দ্বারা ঈশ্বরের কাছ থেকে দূরে চলে যেতে দেখি। এটা সারা পৃথিবীতে ঘটছে। এই বিষয়ে বাবা মা এবং মণ্ডলীর প্রশাসন বেশী কিছু করতে অক্ষম।

সুতরাং, এই সুযোগ ব্যবহার করার দ্বারা, জাগতিক লোকেরা, রাজনৈতিকবিদরা এবং যারা অস্বাস্থ্যকর মতবাদগুলি প্রচার করে সেই তথাকথিত ঈশ্বরের দাসেরা এই যুবগোষ্ঠীদের ধরে রাখে এবং প্রশিক্ষণ দেয় এবং এই জগতে তারা তাদের ভ্রান্তভাবে প্রস্তুত করে। চার্চগুলিতে অল্প বয়েসী বালক বালিকাদের উপস্থিতি ক্রমাগত কমে যাচ্ছে। এটি খুবই যন্ত্রণাকর। পরিবারের বরিষ্ঠ সদস্যরা তাদেরকে ঈশ্বরের স্বর্গীয় ছায়ার অধীনে রাখার চেষ্টা করলেও, তারা ঈশ্বরের সমস্ত পথকে উপেক্ষা করার দ্বারা তাদের নিজেদের খুশী মতো কাজ করতে চায়।

সেই কারণে সমস্ত পৃথিবীর খ্রীষ্টিয় বাবা মায়েদের কাছে এবং নেতাদের কাছে তাদের শিশুদের এবং তরুণ তরুণীদের মধ্যে উদ্দীপনা পাঠানোর বিষয়ে প্রার্থনা করার জন্য এবং প্রভুর উপর চাপ দেওয়ার জন্য এটাই উপযুক্ত সময়। একই ভারসহ ঈশ্বরের লোকদের নিয়ে আমরা একটা ছোট দল তৈরী করেছি যারা তাদের জন্য প্রার্থনা করছেন। আপনি শিশু এবং ইয়ুথ ছেলে মেয়েদের নাম পাঠিয়ে আমাদের সাহায্য করতে পারেন, যাতে আমরা তাদেরকে অনুগ্রহ সিংহাসনের সামনে তুলে ধরতে পারি। এর জন্য আপনাদের কোনও টাকা পাঠাতে হবে না। পরিবর্তে আপনিও আমাদের সঙ্গে একচিত্তে প্রার্থনা করতে পারেন এবং যুবক যুবতী এবং শিশুদের তত্ত্বাবধানের উদ্দেশে বিশ্ব দর্শনের জন্য একচিত্তে প্রার্থনা করতে পারেন। এই বিষয়ে আমরা আপনাদের দৃষ্টিভঙ্গি একান্তভাবে কামনা করি।

শুরু করার জন্য, আমরা দেশের সমস্ত শিশু এবং যুবক যুবতীদের জন্য প্রার্থনা করার জন্য রাত্রি ১০টার সময় নির্ধারিত করেছি। আপনি আপনার দেশের সময় অনুসারে রাত্রি ১০টার সময় প্রার্থনা করতে পারেন।

আমরা জানি ঈশ্বরের লোকেরা যখন কোনও একটি বিষয় একসঙ্গে একচিত্তে প্রার্থনা করে,তখন স্বর্গীয় পিতা উত্তর দেন। আপনি যখন এই ধরণের শিশুদের বা ইয়ুথদের ভালো ভালো সাক্ষ্য লাভ করবেন তখন অনুগ্রহ করে আমাদের জানাবেন। আমরা উপযুক্ত সাক্ষ্যগুলি প্রকাশ করার চেষ্টা করবো।

আমরা আপনার জন্য প্রার্থনা করছি। আমরা যে কোনও উপায়ে জগতের সমস্ত দেশে গৌরবময় সুসমাচার ছড়িয়ে দেবার জন্য আন্তরিকভাবে চেষ্টা করছি। অনুগ্রহ করে প্রার্থনায় আমাদের সঙ্গে হাত মিলান। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন।

যীশু খ্রীষ্টে আপনাদের ভাই,

**পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং অ্যালেক্স স্যামসন স্যাম।**

(+91) 98412 71858 / 98410 71858 E.mail : samselvaraj333@gmail.com

**Our Ministries:** ECHO OF HIS CALL Monthly Magazines (16 languages) BIBLECOR - Postal Courses (3 languages) Media Ministry Online Courses Theological Correspondence Courses (2 languages) Church Planting Nehemiah Bible Colleges Gospel Printing Press Great Commission Partners St. Paul's Matriculation School Crusades Community Development

*(ক্রমশঃ ১ম পৃষ্ঠার পর থেকে)*

বাইবেলে বলা হয়েছে, **"ঈশ্বরের নিকটবর্তী হও, তাহাতে তিনিও তোমাদের নিকটবর্ত্তী হইবেন** (যাকোব ৪:৮)। একই সময়, বাইবেলে আরও বলা হয়েছে, আমরা তাঁকে মনোনীত করিনি, যীশু খ্রীষ্ট আমাদের মনোনীত করেছেন। **"তোমরা যে আমাকে মনোনীত করিয়াছ, এমন নয়, কিন্তু আমিই তোমাদিগকে মনোনীত করিয়াছি"** (যোহন ১৫:১৬)। আর তিনিই হচ্ছেন সেই ব্যক্তি যিনি প্রথমে ভালোবেসেছিলেন। **"...কারণ তিনিই প্রথমে আমাদিগকে প্রেম করিয়াছেন"** (যোহন ১৫:১৬)। কোথাও ঈশ্বর তাঁকে মনোনীত করার জন্য অথবা তাঁকে ভালোবাসার জন্য আমাদের উপর চাপ দেননি। আমাদের স্বাধীন ইচ্ছা দান করার দ্বারা তিনি সর্বদা আমাদের কাছে অমায়িক ঈশ্বর থেকেছেন। সবাইকে সুযোগ দেওয়া হয়েছে;কিন্তু কেবল অল্প কিছু সংখ্যক লোক এই সুযোগ গ্রহণ করেছেন এবং সফলভাবে এটি ব্যবহার করছেন।

এখন আমরা বাইবেলের কয়েকটা বিখ্যাত চরিত্রের মনোনয়নের বিষয়ের উপর ধ্যান করবো।

## দুজন চোর!

যীশু খ্রীষ্টের ক্রুশের দুই পাশে দুজন ক্রুশবিদ্ধ চোরের উদাহরণটি গ্রহণ করা যাক, একজন বলেছিল, "যীশু, আপনি যখন স্বর্গরাজ্যে আসবেন, তখন আমকে স্মরণ করবেন" (লূক ২৩:৪২)। যীশু খ্রীষ্ট উত্তর দিয়েছিলেন,"আমি তোমাকে সত্যিই বলছি, আজই তুমি আমার সঙ্গে পরমদেশে উপস্থিত হবে" (লূক ২৩:৪৩) ; যখন অন্যজন তার জীবনের শেষ প্রান্তে এসেও যীশুকে ঠাট্টা করার বিষয় বেছে নিয়েছিল। যখন একজন চোর অনুতাপ করেছিল এবং যীশুকে তাকে স্মরণ করতে বলেছিল, তখন অন্যজন সুযোগ হারিয়েছিল এবং অবিরত যীশু খ্রীষ্টকে অভিযুক্ত করেছিল এবং তার দোষ খুঁজে বের করছিল। তারা উভয়ে যা সিদ্ধান্ত নিয়েছিল তা ছিল তাদের মনোনয়ন। তাদের ওপর কেউ বল প্রয়োগ করেনি, কিন্তু এটা তাদের কাছে একটি জীবন-পরিবর্তনকারী মনোনয়নে পরিণত হয়েছিল। কেবল সেই চোরটি জন্য নয় যে স্মরণে থাকতে চেয়েছিল, কিন্তু আমাদের সকলের জন্য। এই কারণেই ২০২৩ সালে আমরা এই বিষয়ে কথা বলছি।



## শতপতি

যখন খ্রীষ্টের ক্রুশারোপণের সময়ে সেখানে এরকম অসংখ্য শতপতি ছিল, যারা ঈশ্বরের মেষশাবকের জঘন্য মৃত্যুর সাক্ষী হয়েছিল। তারা দেখতে সক্ষম হয়েছিল যে তিনি ভিন্ন রকম ছিলেন, কিন্তু তিনি প্রকৃত যিনি ছিলেন তা কেবল একজন ছাড়া ,কেউ স্বীকার করতে অথবা গ্রহণ করতে ইচ্ছুক ছিল না। যীশুর খ্রীষ্টের পদতলে কেবল একজন শতপতি উপস্থিত ছিল, যখন কালভেরীতে ক্রুশের উপর তাঁকে পেরেকবিদ্ধ করা হয়েছিল। সে বলেছিল..."নিশ্চিতরূপে ইনিই ঈশ্বরের পুত্র ছিলেন" (মথি ২৭:৫৪)। তিনি জনসমক্ষে স্বীকার করেছিলেন খ্রীষ্ট কে ছিলেন। এই বিবৃতি দেবার জন্য অনেক সাহস এবং নির্ভীকতার প্রয়োজন। এমনকী আজকের দিনেও আমাদের ভাই বোনেরা কেবল তাদের বিশ্বাসের জন্য নানা ভাবে অপমানিত হচ্ছে, কারারুদ্ধ হচ্ছে, তাদের বস্ত্র খুলে নিয়ে নগ্ন করা হচ্ছে, তাদের নিজেদের লোকদের দ্বারা লজ্জিত হচ্ছে, আগুনে পুড়িয়ে মারা হচ্ছে, তাদের বৃদ্ধ বাবা মায়ের উপর শারীরিক অত্যাচার করা হচ্ছে। কিন্তু, এই সমস্ত কিছু সহ্য করে তারা বিশ্বাসের পরীক্ষায় অবিচল দাড়িয়ে আছে। কে আমাদেরকে খ্রীষ্টের ভালোবাসা থেকে বিচ্ছিন্ন করবে? (রোমীয় ৮:৩৫)। পৌল যা বলেছিলেন তা বলার জন্য কেউ তার উপর চাপ সৃষ্টি করেনি, কিন্তু তিনি এটা বলার বিষয় বেছে নিয়েছিলেন।

## পীলাত

পীলাতও ছিলেন আরেক জন লোক যার যীশু খ্রীষ্টের জন্য জীবন পরিবর্তনকারী সিদ্ধান্ত গ্রহণের মহা ক্ষমতা ছিল, কিন্তু লোকদের অনুগ্রহ লাভের জন্য, সুনাম লাভ করার জন্য এবং ইহুদীদের ইতিহাসে নজির সৃষ্টি করার জন্য, তার যা করণীয় ছিল তা করতে তিনি ব্যর্থ হয়েছিলেন। বাইবেলে বলা হয়েছে, **"যাদের মঙ্গল করা উচিত তাদের মঙ্গল করতে অসম্মত হোয়ো না, যখন তা করার ক্ষমতা তোমার আছে"** (হিতোপদেশ ৩:২৭) এবং **"তাই, আমরা যখন সুযোগ পেয়েছি, এসো, আমরা সব মানুষের প্রতি সৎকর্ম করি"** (গালাতীয় ৬:১০)। আবার এটি আমাদের একটি পছন্দ করার বিষয় দেওয়া হয়েছে এবং বাইবেলে আমাদের নির্দেশ দেওয়া হয়েছে সৎ কার্য করার জন্য আমরা যেন সচেতনভাবে সিদ্ধান্ত নিই।

ঈশ্বর যদি আপনাকে এমন একটি পদে বা স্থানে রাখেন যেখানে আপনি ভগ্ন, অভাবী,অসহায়, ক্ষমতাহীন, গৃহহীন, এমনকী মানসিকভাবে অক্ষম লোকদের সাহায্য করতে পারেন তাহলে তাদের সাহায্য করুন। সঠিক কারণে লড়াই করার জন্য আমাদের চ্যাম্পিয়ানদের প্রয়োজন। মাদার তেরেজা এই ধরণের একজন অপূর্ব মহিলা ছিলেন যিনি দুর্বল এবং অসুস্থ লোকদের সাহায্য এবং সেবা করার জন্য তাঁর সমগ্র জীবন উৎসর্গ করেছিলেন। এমি কার্মাইকেল ছিলেন একজন চ্যাম্পিয়ান যিনি মেয়েদের অধিকারের জন্য লড়াই করেছিলেন। সমাজের দুর্বল অংশের লোকদের সাহায্য করার জন্য তাদের যা করার ছিল তারা তা করেছিলেন। অপর দিকে এটা দেখা খুবই দুঃখজনক, যে লোকেরা এতো আত্মকেন্দ্রীক যে তাদের সহ ভাইবোনদের জন্য তাদের কোনও সময় নেই। আরও অধিক হতাশাজনক বিষয়টি হচ্ছে যে আমরা চার্চগুলিতেও এটা দেখি। ঈশ্বর আমাদের এই বিষয়টি পরিবর্তিত করার অনুগ্রহ দান করুন।

পীলাত জানতেন যীশু খ্রীষ্ট নির্দোষ ছিলেন, এবং তিনি তাঁকে ছেড়ে দিতে পারতেন। আমি মনে করি তিনি তাঁকে সত্যিই ছেড়ে দিতে চেয়েছিলেন। যাইহোক, তিনি এটি জনসমক্ষে করতে চাননি। পীলাত অত্যন্ত কৌশলে পরিকল্পনা করেছিলেন যাতে লোকেরা মনোনীত করে, কাকে মুক্তি দেওয়া হবে বারাববাসকে অথবা যীশু খ্রীষ্টকে, তিনি অনুমান করেছিলেন লোকেরা যীশু খ্রীষ্টের মুক্তি চাইবে। কিন্তু হায়, তারা বারাববাসের মুক্তি চেয়েছিল! আবার, পীলাত, একটি সুযোগ হারিয়েছিলেন। কিন্তু অন্যায়ভাবে তিনি যিহূদীদের দ্বারা ব্যবহৃত হয়েছিলেন। সুযোগগুলো হারিয়েছিলেন!!

আমাদের মধ্যে কতজন পছন্দ করতে ব্যর্থ হওয়ার জন্য সুযোগগুলি হারিয়েছি যখন আমাদের সুযোগগুলি গ্রহণ করা উচিত ছিল! কিন্তু অনুগ্রহপূর্ণভাবে, আমাদের দ্বিতীয় সুযোগ দানকারী ঈশ্বর আছেন। এমনকি আমরা যখন এটি হারাই, তখন ঈশ্বর সর্বদা আরেকটি স্বর্গীয় পরিকল্পনা নিয়ে আসেন। এটাই হচ্ছে ঈশ্বরের প্রেম।



হতে পারে আপনি বসে বসে চিন্তা করছেন আমি এটা করতে পারতাম, আমি ওটা করতে পারতাম, কিন্তু আমার বয়েস চলেগেছে, আমার শক্তি চলে গেছে, বছরগুলো নষ্ট হয়েগেছে!

প্রিয় ভাই এবং বোনেরা, আপনি যদি চিন্তা করেন যে আপনি আপনার সময় নষ্ট করেছেন এবং এখন এটা করার পক্ষে অনেক দেরী হয়েগেছে, ঈশ্বরের রাজ্যে কখনও এটা দেরী হয়ে যায়নি। ঈশ্বরের সময় নিখুঁত। মোশির বয়েস যখন ৪০ বছর ছিল তখন ঈশ্বর তাঁকে ব্যবহার করতে চাননি কিন্তু তাঁর বয়েস যখন ৮০ বছর হয়েছিল তখন তিনি তাঁকে ব্যবহার করতে চেয়েছিলেন। ৮০ বছর বয়েসে কালেবের লড়াই করার এবং দেশটি জয় করার শক্তি ছিল। আপনার নষ্ট হওয়া বছরগুলি যীশু খ্রীষ্টকে দিন এবং তিনি সুন্দর কিছু তৈরী করবেন। আমার একটি পুরাতন গান মনে পড়ছে।

"সব কিছু যীশুকে দিয়ে দিন। রুদ্ধ হয়ে যাওয়া স্বপ্নগুলো, ক্ষতবিক্ষত হৃদয়গুলো, ভগ্ন খেলনাগুলো। সবকিছু যীশুকে দিন। কারণ তিনি আপনার দুঃখকে আনন্দে পরিণত করবেন"। আসুন আমরা সবকিছু যীশুকে দিতে শিখি।

## পিতর

পিতর ছিলেন যীশুর সব থেকে আগের শিষ্যদের মধ্যে একজন। যীশু খ্রীষ্টের যে তিনজন শিষ্যদের নিয়ে অভ্যন্তরীণ বৃত্ত গঠিত হয়েছিল, পিতর তাদের মধ্যে একজন ছিলেন। যীশুর জীবনের সব থেকে তাৎপর্যপূর্ণ ঘটনাগুলির মধ্যে পিতর যীশুর সঙ্গে ছিলেন, এমনকি পর্বতে যীশুর উজ্বলরূপ ধারণ করার সময় যীশু কে ছিলেন সেই বিষয়টি পিতর স্বচক্ষে দেখেছিলেন।

আমি পিতরের চরিত্রটি ভালোবাসি! একজন ব্যক্তি যাঁর প্রবল আগ্রহ এবং ঐকান্তিকতা ছিল। তিনি যীশুর উজ্বল রূপ ধারণ করার পর্বতে যীশু খ্রীষ্ট, মোশি এবং এলিয়ের জন্যে তাঁবু নির্মাণ করতে চেয়েছিলেন। যীশু যখন তাঁর ভয়ঙ্কর মৃত্যু সম্পর্কে কথা বলেছিলেন, তখন প্রথমে পিতর আবেগ তাড়িতভাবে কথা বলেছিলেন এবং তিনি বলেছিলেন,**"প্রভু আমি আপনার সঙ্গে কারাগারে যাইতে এবং মরিতেও প্রস্তুত আছি"** (লূক ২২:৩৩)। তিনি অতিরিক্ত রক্ষাকারী এবং রাগীও ছিলেন। সৈন্যরা যখন যীশু খ্রীষ্টকে গ্রেপ্তার করতে এসেছিল, তিনি রেগে গিয়েছিলেন এবং সৈন্যের কাণ কেটে দিয়েছিলেন। সব দিক থেকে, পিতর ছিলেন একজন অত্যন্ত আবেগপ্রবণ লোক যার সঙ্গে আমরা সকলে সম্বন্ধ স্থির করতে পারি। যে কোনও পরিস্থিতিতে তিনি প্রথম হতে চাইতেন এবং তিনি সর্বদা অগ্রতৎপর ছিলেন।

পিতর মানুষ-কেন্দ্রিক ছিলেন। তাঁর ভাই আন্দ্রিয়ের সঙ্গে তাঁর ঘনিষ্ঠ সম্পর্ক ছিল। কারণ আন্দ্রিয় যখন যীশুর সঙ্গে সাক্ষাত করার জন্য তাঁকে ডেকেছিলেন তিনি তার কথা শুনেছিলেন। আমি নিশ্চিত যে তাদের মধ্যে অবশ্যই জ্ঞাতী ভাইদের মধ্যে সম্পত্তির জন্য প্রতিযোগিতাও ছিল। এছাড়াও আমরা পিতরের শাশুড়ির বিষয় পাঠ করি যা দেখায় যে তিনি অত্যন্ত গভীরভাবে সাংসারিক লোক ছিলেন। এছাড়াও পিতর ছিলেন একজন উদ্দেশ্য চালিত ব্যক্তি। তিনি জানতেন প্রকৃতপক্ষে যীশু খ্রীষ্ট কে ছিলেন, তিনি চিহ্নিত করেছিলেন যে যীশু খ্রীষ্ট ছিলেন আসন্ন মশিহ। আমরা তাঁর পরবর্তী পরিচর্যার মধ্যেও এই চারিত্রিক বৈশিষ্টগুলি দেখি।

এই নিবেদিত, প্রেমময়, অনুরাগী, মানব-প্রেমি ব্যক্তি, যীশু খ্রীষ্ট সম্পর্কে যার অগাধ শ্রদ্ধা, তিনি কীভাবে হঠাৎ যীশুকে অস্বীকার করেছিলেন? একবার নয় কিন্তু তিনবার, শুধু তাই নয়, এই বিষয়ে প্রভু তাকে সতর্ক করা সত্ত্বেও তিনি অস্বীকার করেছিলেন। তিনি কেবল অস্বীকারই করেননি কিন্তু তিনি অভিশাপ দিতে শুরু করেছিলেন। আমরা যখন এটি পাঠ করি, তখন হতে পারে আমরা পিতরের বিচার করতে শুরু করি এবং তাঁকে একজন ভয়ঙ্কর লোক হিসাবে দোষী সাব্যস্ত করি। কিন্তু এখন আমাদের চিন্তা করতে হবে কতবার আমরা খ্রীষ্টের নিবেদিত, অঙ্গীকারবদ্ধ অনুগামী হওয়া সত্ত্বেও আমাদের কাজ, কথা এবং চিন্তার মাধ্যমে আমরা যীশু খ্রীষ্টের সঙ্গে বিশ্বাসঘাতকতা করেছি। আমি

(ক্রমশঃ ৬ পৃষ্ঠায়)


# नहेम्याह बाइबल कॉलेज
## रेसिडेन्शल कॉलेज, चेन्नई।

माध्यमः हिन्दी

ECHO OF HIS CALL 1969-2019
REACHING NATIONS

सदस्यता के लिए पंजीकृत उम्मीदवार - ATA

Regd. Candidate for Membership ATA NEHEMIAH BIBLE COLLEGE CHENNAI ECHO OF HIS CALL Estd. 1969

सुविख्यात अंतर्राष्ट्रीय मसीही अगुवे तथा पिछले 53 वर्षो से सेवारत वरिष्ठ पासवान

Diploma in Ministry : One year
Diploma in Theology : Two years
Bachelor of Theology : Three years

योग्यता 10 वी या अधिक
जल्दी करें!

**Contact : The Chairman, Nehemiah Bible College.**

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

★ ऑनलाइन कक्षाएं उपलब्ध हैं ★

GREAT COMMISSION PARTNERS

ECHO OF HIS CALL MINISTRIES
SINCE 1989

# মহান আদেশ অংশীদারগণ

## ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)

প্রার্থনার অনুরোধসমূহ (১৯শে জুলাই থেকে ১৮ই আগস্ট, ২০২৩)



(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)

## প্রশংসার বিষয়সমূহ

**জুলাই ১৯ :** আমাদের **সেন্টপলস ম্যাট্রিকুলেশন স্কুল, নহিমিয় বাইবেল কলেজ এবং থিওলজিক্যাল বাইবেল করেসপণ্ডেস কোর্সের** সমস্তকার্যকলাপগুলির জন্য।

**দিন ২০:** আমাদের সমস্ত সহযোগী সম্পাদকদের এবং তাদের পরিবারের সদস্যদের আশীর্ব্বাদের জন্য।

**দিন ২১:** আমাদের আবাসিক এবং সান্ধ্য **নহিমিয় বাইবেল কলেজের** পাঠক্রমে নতুন শিক্ষার্থী পাওয়ার জন্য ঈশ্বরের অনুগ্রহপূর্ণ সাহায্যের জন্য।

**দিন ২২:** আমাদের মিশন কর্মীদের মহান প্রতিশ্রুতিবদ্ধতার জন্য।

**দিন ২৩:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের ঈশ্বর যেন দয়া করেন।

**দিন ২৪:** আমাদের প্রধান মণ্ডলী এবং শাখামণ্ডলীগুলির পালক এবং বরিষ্ঠ সদস্যদের আশীর্ব্বাদের জন্য।

**দিন ২৫:** আমাদের গসপেল প্রিন্টিং প্রেস এবং দক্ষ কর্মীদের দ্বারা এর অবিরত কাজ চালিয়ে যাওয়ার জন্য।

**দিন ২৬:** ১৯৬৯ সাল থেকে পত্রিকা পরিচর্যার প্রতি আমাদের অঙ্গীকারকে প্রচুর পরিমাণে আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২৭:** আমাদের প্রধান মণ্ডলীকে আরও অধিক নতুন বিশ্বাসীদের দ্বারা আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২৮:** বালাজী নগর, সন্তোষপুরম এবং বেলাচেরীতে আমাদের রবিবাসরীয় উপাসনা সভাগুলিতে আরও নতুন বিশ্বাসীদের জন্য।

**দিন ২৯:** ২০২৩-২৪ শিক্ষাবর্ষে আমাদের নহিমিয় বাইবেল কলেজ এবং সেন্টপলস ম্যাট্রিকুলেশন স্কুলে নতুন শিক্ষার্থীদের ভর্তির বিষয়টিকে আশীর্ব্বাদের জন্য।

**দিন ৩০:** যুব এবং শিশু তত্ত্বাবধান পরিষেবায় আমাদের বিশ্ব দর্শনকে আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ৩১:** সুসমাচার অপ্রসারিত লোকদের কাছে পৌঁছানোর জন্য আমাদের ইউ টি উবে ৫ মিনিটের বাণী প্রচারকে আশীর্ব্বাদ করার জন্য।

**আগস্ট ০১:** সুসমাচার অপ্রসারিত এলাকায় সুসমাচার সম্প্রসারণে আমাদেরকে আর্শীববাদ করার জন্য।

**দিন ০২:** আরও অধিক সমর্পিত খ্রীষ্টান শিক্ষক/শিক্ষিকা এবং প্রিন্সিপাল দ্বারা আমাদের সেন্টপলস ম্যাট্রিকুলেশন স্কুলকে আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ০৩:** আমাদের মণ্ডলীগুলির সমস্ত পালকদের জন্য এবং কর্মীদের জন্য।

## প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ০৪:** সমস্ত লোকদের উপর আরেকবার ঈশ্বরের আশীর্ব্বাদ বর্ষণের জন্য।

**দিন ৫:** ছুটিকালীন বাইবেল স্কুলের মাধ্যমে যীশু খ্রীষ্টের ভালোবাসার দ্বারা স্পর্শ পাওয়া শতশত শিশুরা যেন প্রভুতে টিকে থাকে এবং নিয়মিত আমাদের মণ্ডলীতে যোগদান করে।

**দিন ৬:** মিশনারী এবং ঈশ্বরের দাসদের বিরুদ্ধে হিংস্র কার্যকলাপ যেন বন্ধ হয়।

**দিন ৭:** পৃথিবী থেকে করোনা জ্বর যেন সমূলে উৎপাটিত হয়।

**দিন ৮:** পরিবারগুলিকে বিচ্ছিন্ন করার জন্য, শয়তানের মন্দ কাজ যেন ধ্বংস হয়।

**দিন ৯:** ঈশ্বরের সন্তানরা যেন আত্মিক এবং জাগতিক আশীর্ব্বাদগুলি লাভ করতে পারে।

**দিন ১০:** ২০২৩-২৪ শিক্ষাবর্ষে সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুল যেন নতুন শিক্ষার্থী পায়।

**দিন ১১:** পৃথিবী থেকে অর্থনৈতিক মন্দার কর্তৃত্ব যেন শেষ হয়ে যায়।

**দিন ১২:** আমাদের বরিষ্ঠপাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং তাঁর পরিবারের সদস্যদের সুস্বাস্থ্য এবং সুরক্ষার জন্য প্রার্থনা করুন।

**দিন ১৩:** পৃথিবীর সমস্ত লোকদের প্রয়োজনগুলির জন্য।

**দিন ১৪:** বাংলা ভাষায় অনুবাদক এবং ডিটিপি অপারেটর, ইন্দ্রজিৎ রায়ের দ্রুত আরোগ্যের জন্য।

**দিন ১৫:** আমাদের কর্মীদের এবং তাদের পরিবারের সদস্যদের সুস্বাস্থ্যের জন্য।

**দিন১৬:** প্রতিদিন ভোর ৫টায় ইউ টিউবে ৫ মিনিট **মিডিয়া পরিষেবা** সম্প্রচারের জন্য।

**দিন ১৭:** আমাদের সিনিয়ার পাস্টর এবং তাঁর পরিবারের সদস্যদের সমস্ত রকমের মন্দ শক্তির হাত থেকে নিরাপত্তার জন্য।

**দিন ১৮:** কোহা সফট ওয়্যারের মাধ্যমে আমাদের নহিমিয় বাইবেল কলেজের পাঠাগারের বইগুলিকে আপডেট করার জন্য।

(ক্রমশঃ, ৪র্থ পাতার পর)

নিবেদিত, অঙ্গীকারবদ্ধ অনুগামী হওয়া সত্ত্বেও আমাদের কাজ, কথা এবং চিন্তার মাধ্যমে আমরা যীশু খ্রীষ্টের সঙ্গে বিশ্বাসঘাতকতা করেছি। আমি লোকদের বলতে শুনেছি, "আমি মুখ ফসকে বলে ফেলেছি, এটা মুহূর্তের প্রেরণা ছিল"। আপনাদের মধ্যে কতজন মনে করেন যে পিতর যা করেছিলেন তা 'মুহূর্তের প্রেরণার' কাজ ছিল? ঈশ্বরের এই মহান প্রেরিতের একজন সমালোচক হওয়ার বিষয় ভুল না করে, আমি বলতে চাই তাঁর জীবন থেকে আমাদের সকলের শেখার আছে।

আপনি কি মনে করেন এটা এমন কিছু যা কেবল সেই সময়ের জন্য ঘটেছিল, অথবা এটা কি একটা প্রক্রিয়া?

আমি বিশ্বাস করি, একজন লোকের পক্ষে যীশু খ্রীষ্টের সঙ্গে বিশ্বাসঘাতকতা করা সহজ বিষয় নয়, বিশেষ করে এমন একজন লোকের পক্ষে যিনি নিবেদিত, প্রতিশ্রুতিবদ্ধ, প্রেমময়, আবেগপ্রবণ, এবং উদ্দেশ্য-চালিত। এটা কখন শুরু হয়েছিল বলে আপনি মনে করেন? এটি মথি ২৬:৬৮ পদ অনুসারে পিতর যখন 'দূর থেকে' যীশুকে অনুসরণ করতে শুরু করেছিলেন তখন থেকে।

বাইবেলে সুন্দরভাবে বলা হয়েছে, পিতর দূর থেকে যীশু খ্রীষ্টকে অনুসরণ করছিলেন। আমাদের মধ্যে অনেকে যীশু খ্রীষ্টকে ভালোবাসেন, তাঁর আশীর্বাদগুলো উপভোগ করেন। তাঁকে আমাদের জোগানদাতা এবং রক্ষাকারী হিসাবে জানার বিষয়টি খুব ভালো কিন্তু আমরা ঘনিষ্ঠভাবে তাঁকে অনুসরণ করতে দ্বিধা করি এবং 'দূর থেকে' তাঁকে অনুসরণ করার বিষয়টি আমাদের কাছে নিরাপদ। আমরা যখন দূর থেকে তাঁকে অনুসরণ করি, তখন আমাদের মধ্যে কয়েক জন মনে করেন, এটা নিরাপদ, কারণ তিনি আমাদের কাছ থেকে অধিক দাবি করবেন না। লোকেরা আমাদের খ্রীষ্টের প্রগাঢ় অনুরাগী হিসাবে জানবে না এবং আমরা উভয়ের সব থেকে উত্তম বিষয়গুলির স্বাদ গ্রহণ করতে পারি, ঈশ্বরের এবং জগতের। একটি অতি আগ্রহপূর্ণ সামঝোতা।

প্রিয় বন্ধু, বাইবেলের যাকোব ৪:৪ পদে আমাদের শিক্ষা দেওয়া হয়েছে যে আমরা একই সময়ে জগতের এবং ঈশ্বরের বন্ধু হতে পারি না- "**হে ব্যভিচারিণীগণ, তোমরা কি জান না যে, জগতের মিত্রতা ঈশ্বরের সহিত শত্রুতা?**" এর কোনও মধ্য-পথ নেই। এটি হয় জগতের পক্ষ নয় ঈশ্বরের পক্ষ। আমরা যদি ঈশ্বরের পক্ষে না থাকি, তাহলে এর অর্থ হচ্ছে আমরা ঈশ্বরের শত্রুতে পরিণত হয়েছি। সেই কারণে, একজন ব্যক্তি যতই আধ্যাত্মিক এবং ধার্মিক ব্যক্তি হন না কেন সেটা কোনও বিষয় নয়,যদি একজন ব্যক্তি দূর থেকে যীশু খ্রীষ্টকে অনুসরণ করার সিদ্ধান্ত নেয়, তাহলে এটি একটি বিপজ্জনক স্থান হবে।

আজ খ্রীষ্টের সঙ্গে আপনার জীবনযাত্রা কেমন? আপনি কি দূর থেকে খ্রীষ্টকে অনুসরণ করছেন না কি আপনি কাছ থেকে খ্রীষ্টের সঙ্গে চলছেন? এটি হচ্ছে একটি মনোনয়ন যা আমাদের প্রত্যেককে করতে হয়। আগে যেমন উল্লেখ করা হয়েছে, যীশু খ্রীষ্ট আমাদের এতো ভালোবাসেন যে তিনি আমাদের কোনও কিছু জোর করে করান না কিন্তু তিনি আমাদের স্বাধীন ইচ্ছা দিয়েছেন। যাইহোক, তিনি তাঁর ইচ্ছাও প্রকাশ করেছেন, "**তোমরা যদি আমাতে থাক, এবং আমার বাক্য যদি তোমাদিগেতে থাকে, তবে তোমাদের যাহা ইচ্ছা হয়, যাজ্ঞা করিও, তোমাদের জন্য তাহা করা যাইবে**" (যোহন ১৫:৭)। এটি আমাদের ঈশ্বরের সঙ্গে ঘনিষ্ঠ থাকার গুরুত্বের বিষয় শিক্ষা দেয়।

প্রিয় বন্ধুগণ, আমরা যে পৃথিবীতে বাস করি তা অত্যন্ত জটিল এবং কষ্টসাধ্য। আমাদের কাজ, আমাদের পরিবার এবং ব্যক্তিগত জীবন একসঙ্গে করার বিষয়টিই একটি চ্যালেঞ্জ। কয়েক সময় হতাশা, আঘাত, বিশ্বাসঘাতকতা, বিচ্ছিন্ন হওয়া, মৃত্যু, পিঠে ছুরি মারার মত ঘটনাগুলোর আমরা সম্মুখীন হতে পারি। এই বিষয়গুলি আমাদের মানসিকভাবে আমাদের বিষন্ন করতে পারে। আমি জানি না আপনাদের মধ্যে কতজন একই পরিস্থিতির মধ্যে আছেন; হতে পারে আপনি বলছেন "অন্য কারও সিদ্ধান্তের পরিণতি হিসাবে আমি জীবনযাপন করছি, আমি এর যোগ্য নই"। এটি যিহূদার মতো আপনাকে যীশুকে অনুসরণ করা বন্ধ করে দিতে হতে পারে অথবা পিতরের মতো দূর থেকে যীশুকে অনুসরণ করার মতো অবস্থা হতে পারে। কিন্তু বিবেচ্য বিষয়টি হচ্ছে, উভয় অবস্থাই বিপজ্জনক।

যীশু খ্রীষ্টকে পিতরের অস্বীকারের বিষয়টি হঠাৎ হয়নি, এটি একটি প্রক্রিয়া ছিল। যে মুহূর্তে যীশু খ্রীষ্ট গ্রেপ্তার হয়েছিলেন, প্রত্যেকে ভীত হয়েছিলেন, তারা ভেবেছিলেন ভবিষ্যতে কী ঘটতে চলেছে। একই সময়, পিতর জানতে চেয়েছিলেন তাঁর প্রভুর প্রতি কী ঘটতে চলেছে, সেই কারণে তিনি দূর থেকে তাঁকে অনুসরণ করার বিষয় স্থির করেছিলেন।

(ক্রমশঃ, ৯ পাতায়)

The Lord has done great things for us, whereof we are glad – Psalm 126:3.

ECHO OF HIS CALL
Ministries
55th ANNIVERSARY
(1969 - 2023)

Place:
ECHO OF HIS CALL
10, MOHAMMED ABDULLAH 2ND STREET,
CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.

Special Progammes on
11.08.2023, Friday
12.08.2023, Saturday
13.08.2023, Sunday

Special message :
Pastor ANGELINE SELVAKUMARI

Please Pray!

Contact: Pastor S. Sam Selva Raj, (+91) 98410 71852

## অনুগ্রহ করে আমাদের প্রধান কার্যালয়ের পরিচর্যা কাজের জন্য প্রার্থনা করুন

| | |
|---|---|
| ১। প্রার্থনা সভা | : ২৪ ঘণ্টা |
| ২। আহ্বানের প্রতিধ্বনি - মাসিক পত্রিকা: (১৬টি ভাষায় প্রকাশিত) | |
| ৩। বাইবেলকোর - ডাকযোগে বাইবেল শিক্ষার পাঠক্রম: ইংরাজী, তামিল এবং হিন্দি | |
| ৪। নহিমিয় বাইবেল কলেজ (দুটি কেন্দ্র) | |
| ৫। ডাকযোগে ঐশ্বতাত্ত্বিক পাঠক্রম (ইংরাজী এবং তামিল মাধ্যম) | |
| ৬। মহান আদেশ অংশীদারগণ (পালকদের নেট ওয়ার্ক) | |
| ৭। প্রশিক্ষণ কর্মসূচীসমূহ | |
| ৮। ক্রুশেডসমূহ | |
| ৯। সুসমাচার সাহিত্য বণ্টন এবং ফলো আপ্ | |
| ১০। গস্‌পেল প্রিন্টিং প্রেস - প্রকাশনাসমূহ | |
| ১১। সেণ্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুল - গ্রাম্য উচ্চ বিদ্যালয় (ইংরাজী মাধ্যম) | |
| ১২। রবিবাসরীয় স্কুল : রবিবার সকাল ৮.০০ এবং ১০টা (প্রতি রবিবার) | |
| ১৩। তামিল উপাসনাসমূহ : রবিবার সকাল ৫টা, ৭টা এবং ১০টা | |
| ১৪। তেলুগু উপাসনা | : রবিবার বিকাল ৫টা |
| ১৫। হিন্দি উপাসনা | : রবিবার বিকাল ৪টা |
| ১৬। ইংরাজী এবং তামিল উপাসনা | : রবিবার সন্ধ্যা ৬টা |
| ১৭। পালকদের পরামর্শদান | : রবিবার বিকাল ৪টে |
| ১৮। মহিলাদের প্রার্থনাসভা | : বুধবার বিকাল ৫.৩০ মিনিট |
| ১৯। মধ্য-সাপ্তাহিক আরাধনা সভা | : বুধবার বিকাল ৬.৩০ মিনিট |
| ২০। পুরুষদের প্রার্থনা | : শুক্রবার সন্ধ্যা ৭ মিনিট |
| ২১। শিষ্যত্বের সভা | : শনিবার সন্ধ্যা ৬টা |
| ২২। গৃহ সভাগুলি | : মঙ্গল এবং বৃহস্পতি, সন্ধ্যা ৬.৩০ মিনি |
| ২৩। বিশেষ পবিত্র প্রভুর ভোজ | : প্রতি মাসের ১ম দিন সকাল ৬টা |
| ২৪। পরিচর্যাকারীদের পর্যালোচনা সভা | : ১ম শনিবার বিকাল ৫.৩০ মিনিট |
| ২৫। পিতা ও মাতাদের প্রার্থনা | : প্রথম রবিবার, বিকাল ৪টে |
| ২৬। নৈশ প্রার্থনা | : দ্বিতীয় শুক্রবার রাত ৯.৩০ মিনিট |
| ২৭। উপবাস প্রার্থনা | : তৃতীয় শনিবার সকাল ৯.৩০ মিনিট |
| ২৮। পবিত্র প্রভুর ভোজ | : দ্বিতীয় রবিবারের উপাসনাসভা |
| 29. Youth / Kid Prayer | : 10.00 p.m. daily |
| ৩০। কর্মীদের অনুধ্যান | : প্রতিদিন সকাল ৯ টা |
| ৩১। অফিস | : প্রতিদিন সকাল ৯ টা থেকে রাত ৯টা (রবিবার ছাড়া) |

## কেবলমাত্র ভারতে আহ্বানের প্রতিধ্বনি ডাক মারফত পাঠক্রমগুলির জন্য

### ১। বাইবেলকোর

আমরা নতুন খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য এবং অখ্রীষ্টানদের জন্য বাইবেলের মৌলিক সত্যগুলির উপর ডাক মারফত পাঠক্রম প্রদান করি: ইংরাজী ৫৭ পৃষ্ঠার, হিন্দি ৭৬ পৃষ্ঠার এবং তামিল ৯৬ পৃষ্ঠার বই। **"আপনার জন্য নতুন জীবন"** নামের একটি পাঠক্রমের বই আপনি পাবেন। এই পাঠক্রম শেষ করার পর, আপনি একটি সার্টিফিকেট পাবেন। পাঠক্রমের জন্য কোনও আবশ্যিক ফী নেই। আপনি আশীর্বাদ পাবেন।

### ২। ডাক মারফত ঈশ্বতাত্ত্বিক পাঠক্রম

থিওলজিকাল করেসপণ্ডেস কোর্স নামে অভিহিত অ্যাডভানস্ ডিস্টেন্স এডুকেশনের নিম্নলিখিত ভাষায় পাঠক্রমের বইগুলি পালকদের জন্য, সুসমাচার প্রচারকদের জন্য, খ্রীষ্টান নেতাদের জন্য এবং গৃহী পালকদের জন্য পাওয়া যাচ্ছে যাদের ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য প্রবল আগ্রহ আছে তাদের জন্য: ইংরাজী ৫৩৭ পৃষ্ঠার এবং তামিল ৬৫২ পৃষ্ঠার বই। এর জন্য মূল্য ধার্য করা হয়েছে ১০০০ টাকা। ১৪৯টি অধ্যায়ে বিভক্ত সাতটি বই সরবরাহ করা হবে। সার্টিফিকেট অফ মিনিস্ট্রি প্রদান করা হবে। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন।

*বিস্তারিত বিবরণের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন।*

**The Chairman, Nehemiah Bible College,**
Echo of His Call, Post Box 2957
CHEPAUK, CHENNAI - 600 005.
Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,
Cell : 98410 71852, 95661 31858
E.mail : biblecor@yahoo.co.in

## বিনামূল্যে মাসিক পত্রিকা আহ্বানের প্রতিধ্বনি লাভের সুবর্ণ সুযোগ

আপনি যদি ডাক, ই-মেইল, ফোন এবং ওয়াটস অ্যাপের মাধ্যমে আপনার/আপনার বন্ধুদের/আত্মীয়দের ঠিকানা পাঠিয়ে দেন, তাহলে আমরা সম্পূর্ণ বিনামূল্যে আপনাদের আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকাটি পাঠিয়ে দিতে পারবো।

## TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

| | |
|---|---|
| **Account Name** | : **ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST** |
| **Account Number** | : **1023 2923 805** |
| **Bank Name** | : **STATE BANK OF INDIA** |
| **Branch** | : **TRIPLICANE, CHENNAI - 600 005** |
| **IFSC Code** | : **SBIN 0000249** |
| **SWIFT Code** | : **SBI NIN BB 455** |



# পাতাল থেকে রাজপ্রাসাদ

# PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)

## আমার জীবনে তাঁর পরিচালনা এবং তত্ত্বাবধান

HIS GUIDANCE AND PROVIDENCE IN MY LIFE!

### যারা তাঁকে সম্ভ্রম করে তিনি তাদের আকাঙ্খা পূর্ণ করেন। গীত ১৪৫: ১৯

প্রভু যীশু আমার প্রতি এতো অনগ্রহশীল ছিলেন যে তিনি আমাকে ১৯৮২ সালে চেন্নাইয়ের (মাদ্রাজের), চীপকে মণ্ড লী পরিচর্য্যা শুরু করতে সাহায্য করেছিলেন। শুরু থেকেই মণ্ডলীটিকে আর্থিক অভাব এবং এলাকার খ্রীষ্টি বিরোধী বন্ধুদের বিরোধীতা এবং ঈর্ষার কারণে বারবার স্থানান্তরণের সমস্যার অভিজ্ঞতা লাভ করতে হয়েছিল। অবশেষে,আমরা একটি ঘরের একটা ছোট কক্ষের মধ্যে আমাদের রবিবাসরীয় উপাসনা সভা চালাচ্ছিলাম যে কক্ষটিতে আলোবাতাস প্রবেশের কোনও ব্যবস্থা ছিল না। এই ঘরটির মালিক ছিলেন আমাদের প্রিয় ভাই জর্জ মহাশয়ের।

একটি বিশেষ রবিবারে আরাধনা চলাকালীন, ঈশ্বর অপ্রত্যাশিতভাবে এবং হঠাৎ আমার আত্মায় কথা বলেছিলেন যাতে আমি এই একই এলাকায় আমদের চার্চ পরিচালনা করার জন্য একটি অনেক বড় জায়গাসহ আমাদের নিজেদের বিল্ডিংয়ের বিষয় বিশ্বাস করি। প্রভু আমাকে প্রার্থনার সাহায্যের জন্য এই বিষয়টিকে আমাদের উপাসক মণ্ডলীর সঙ্গে সহভাগিতা করতে বলেছিলেন। আমি প্রভুর বাধ্য হয়েছিলাম এবং উপাসনা সভায় এই বিষয়টি সহভাগিতা করেছিলাম।

- চার্চে যারা আমার কথা শুনছিলেন এবং তারা তারে ব্যাঙ্গাত্মক দৃষ্টির মাধ্যমে আমাকে উপহাস করতে শুরু করেছিলেন।

- তারা প্রশ্ন করেছিলেন "আমাদের এই আর্থিক পরিস্থিতির উপর ভিত্তি করে একটি সম্পত্তি ক্রয় করা কি সত্যিই সম্ভব?"

- কয়েক জন আমাকে এই কথা বলে আত্মিক চাপ দেবার চেষ্টা করেছিলেন, "যদি আমাদের টাকা থাকেও, আমরা এই ঘন বসতিপূর্ণ এলাকায় কোথায় একটি বিক্রয়যোগ্য জমি পাবো?

কয়েক জন বন্ধু জটিল এবং সন্দেহপ্রব প্রশ্ন নিয়ে এগিয়ে এসেছিলেন, "ঈশ্বরের একজন সুন্দর এবং সরল লোকের পক্ষে লোকদের কাছে ঈশ্বরের নামে এই ধরণের একটি অবাস্তব বার্তা বলা কি উচিৎ?"

এই ধরণের কথাবার্তার দ্বারা, বিভিন্ন বিভ্রান্তিকর পরিস্থিতিগুলোর মধ্যে আমাকে মাঝে মাঝেই পড়তে হয়েছিল। আমি একজন ব্যক্তিকেও খুঁজে পায়নি যে এই বিশ্বাসের চ্যালেঞ্জ গ্রহণ করার জন্য আমার সঙ্গে দাঁড়াতে সক্ষম হবে। সাধারণ লোকেরা অবশেষে এই উপসংহারে উপনীত হয়েছিলেন যে খ্রীষ্টান প্রচারকদের অগ্রহণীয় এবং অবাস্তব গল্প বলা ছাড়া আর কোনও কাজ নেই এবং তারা কোনও ভাবেই আমাকে চিনতে পারেনি।

কিন্তু আমি হতাশ হইনি। অপরদিকে, প্রভু আমাকে সান্ত্বনা দিয়েছিলেন এবং তাঁকে দৃঢ়রূপে ধরে থাকার জন্য তিনি আমাকে তাঁর অনুগ্রহ দিয়েছিলেন, কারণ তিনি আমাদের বিশ্বাসের রচয়িতা এবং সিদ্ধি কর্তা (হিব্রীয় ১২:২)। প্রভু তাঁর এই বাক্য নিয়ে আমার হৃদয়ে প্রবেশ করেছিলেন, **"ওহে কীটসদৃশ যাকোব,ওহে নগণ্য ইস্রায়েল,তোমরা ভয় কোরো না, কারণ আমি স্বয়ং তোমাকে সাহায্য করব," যিনি তোমাদের মুক্তিদাতা, ইস্রায়েলের সেই পবিত্রতম জন, সদাপ্রভু ঘোষণা করেন। দেখো, আমি তোমাকে এক শস্যমাড়াই কল বানাব, নতুন এবং ধারালো, যার মধ্যে অনেক দাঁত থাকবে। তুমি পর্বতসমূহকে মাড়াই করে সেগুলি চূর্ণ করবে এবং পাহাড়গুলিকে তুষের মতো করবে"** (যিশাইয় ৪১:১৪-১৫)।

দিনগুলি অতিবাহিত হয়েছিল। আমার চারিদিকে পরিবেষ্টিত সমস্ত লোকদের সামনে ঈশ্বর আমাকে আশীর্বাদ করেছিলেন এবং অনগ্রহপূর্ণভাবে ঈশ্বর আমাকে যে স্থানটিকে বিশ্বাস করতে বলেছিলেন ঠিক সেই একই জায়গায় তিনি তাঁর পরিচর্যা করার জন্য একটি অপূর্ব স্থান আমার জন্য সুপ্রাপ্য করেছিলেন।

কিন্তু স্থানটি ধরে রাখার পর, এলাকার লোকদের প্রত্যাশা মতো আমার কাছে সম্পত্তিটি কেনার মতো টাকা ছিল না কারণ আর্থিকভাবে আমি দরিদ্র ছিলাম। আমি আমার পরিচিত উৎসগুলো থেকে সাহায্য লাভের চেষ্টা করেছিলাম, কিন্তু কেউ আমাকে সাহায্যের জন্য এগিয়ে আসেনি যেহেতু আমি আর্থিকভাবে গরিব ছিলাম। এই পরিস্থিতিতে, সরকার আমাকে বিল্ডিংয়ের কেনার অগ্রিম পরিশোধ করার জন্য সম্পত্তি ক্রয়ের জন্য ব্যক্তিগত ঋণ মঞ্জুর করে সাহায্যের জন্য এগিয়ে এসেছিল, যেহেতু সেই সময় আমি সরকারী চাকরী করছিলাম। এই বিষয়টি সম্পাদন করার জন্য, ঈশ্বর আমার একজন অখ্রীষ্টান বন্ধু মি. কানন এব আরেকজন খ্রীষ্টান বন্ধু মি. এম.পি. জেয়াকুমারকে ব্যবহার করেছিলেন। যীশু খ্রীষ্ট মঙ্গলময়। কি অপূর্ব আমাদের ঈশ্বর! **"আস্বাদন করো ও দেখো, সদাপ্রভু মঙ্গলময়"** (গীত ৩৪:৮)।

এমনকি আজ, আমি যখন এই বাণীটি লিখছি, আমি আপনাকে বলতে পারি যে আমার জীবন অনমনীয় এবং চ্যালেঞ্জপূর্ণ। ঈশ্বর কর্তৃক প্রদত্ত পরিচর্যাগুলি যেমন ১৬টি ভাষায় প্রকশিত মাসিক পত্রিকা আহ্বানের প্রতিধ্বনি, ডাকযোগে বাইবেলকোর এবং ৩টি ভাষায় বিভিন্ন প্রশিক্ষন, নহিমিয় বাইবেল

কলেজ, প্রতি রবিবার ৭টি উপাসনা সভাসহ প্রধান মণ্ডলী, সেন্টপলস ম্যাট্রিকুলেশন স্কুল (গ্রামীন উচ্চ বিদ্যালয়), সুসমাচার প্রিন্টিং প্রেস এবং প্রশাসনিক কার্যালয়ের মতো পরিচর্যা কাজগুলি চালাতে গিয়ে প্রতিদিন আমি অসংখ্য সমস্যায় চূর্ণবিচূর্ণ হচ্ছি। আমি আমার পরিচর্যা সংক্রান্ত জীবনে এবং প্রশাসনিক জীবনে অনির্বচনীয় এবং অপ্রকাশ্য সমস্যাগুলির, চ্যালেঞ্জগুলির এবং ব্যর্থতাগুলির সম্মুখীন হচ্ছি।

আমি রাতের পর রাত বিনিদ্র রাত্রি যাপনের অভিজ্ঞতা লাভ করেছি এবং এরকম অনেক দিন গেছে যখন আমি রাতে ঘুমাতে চাইনি। আমি শিখেছিলাম যে প্রভু যীশু খ্রীষ্ট হচ্ছেন একমাত্র ব্যক্তি যিনি বিশ্বস্ত এবং এই জগতে একজন প্রকৃত বন্ধু বলে গণ্য হওয়ার যোগ্য যা অন্ধকার, মন্দ চাপে এবং আশাহীনতায় আবৃত হয়ে আছে। কারণ আমি তাঁর পরিচালনা এবং তত্ত্বাবধানের অভিজ্ঞতা লাভ করতে সক্ষম হয়েছিলাম। নিম্নলিখিত বিখ্যাত ধর্মীয় গানের লাইনগুলি আমার অভিজ্ঞতা:

**আমাকে চালাও দয়াময়, ঘনঘোর এই অন্ধকারের মাঝে, আলো দাও মোরে দয়াময়, আমাকে চালাও !**

**রাতের অন্ধকারে আমি বাড়ি থেকে বহুদূর ! আমার চরণদুটি তুমি চালাও, আমাকে চালাও দয়াময় ! দুরের দৃশ্য আমি দেখাতে বলি না, একটি পদক্ষেপই যথেষ্ট আমার !**

আমি জানি আমার দৈনিক জীবন ক্লেশ এবং সঙ্কটে পরিপূর্ণ। কিন্তু আমার আশ্বাস আছে যে আমি যখন এই পৃথিবীতে আমার কাজ শেষ করবো, আমি স্বর্গীয় ঘরে প্রবেশ করবো এবং উত্তরাধিকার লাভ করবো এবং আমার প্রভু যীশুর সঙ্গে আমি মুখোমুখি সাক্ষাত করবো এবং আমি তাঁর সোনার মুখ আলিঙ্গণ করবো এবং এই পৃথিবীতে আমার সমস্ত অভিজ্ঞতার কথা তাঁকে বলবো। আমি সেই অপূর্ব দিনটির জন্য আগ্রহের সঙ্গে অপেক্ষা করছি। সেই দিন আমার কাছে এক মহান দিন হবে! সেই দিনটি আমার কাছে সব থেকে আশীর্বাদের দিন হবে!!

**প্রিয় বন্ধুগণ, আপনার কি এই ধরণের আশা এবং প্রবল আকাঙ্খা আছে?**

************

*....Contd. from page 6*

আপনি কি পিতরের মতো যীশু খ্রীষ্টকে দূর থেকে অনুসরণ করছেন? আপনি অনুভব করতে পারেন, 'আমি যদি ঈশ্বরের সঙ্গে ঘনিষ্ঠভাবে চলি, তাহলে প্রত্যাশা অনেক বেশী হবে, আর সেই কারণে আমার দূরে থাকাই ভালো'। আমাদের মধ্যে কয়েক জন চার্চে আসেন কিন্তু চার্চের সঙ্গে যুক্ত হতে চান না, আমাদের মধ্যে কয়েক জন এমনকি চার্চে যেতেও চান না, এবং কয়েক জন ঘরে থেকে প্রার্থনা করতে চান। আমাদের মধ্যে কয়েক জন কেবল প্রয়োজনের সময় যীশু খ্রীষ্টের সঙ্গে কথা বলতে চান, অন্যথা আমাদের কাছে তাঁর জন্য সময় থাকে না।

আমি আজ আপনাকে দূর থেকে যীশু খ্রীষ্টকে অনুসরণ না করতে উৎসাহিত করছি; তাঁর কাছে আসুন। তিনি ঈশ্বরের সঙ্গে মানুষকে একসঙ্গে যুক্ত করার জন্য এই পৃথিবীতে এসেছিলেন। এই উদ্দেশ্যে তিনি ক্রুশের উপর মৃত্যুবরণ করেছিলেন, এবং তৃতীয় দিনে তিনি পুনরুত্থিত হয়েছিলেন। যাতে তিনি আশাহীন পরিস্থিতিতে আশা দেন। ঝড়ের মধ্যে তিনি শান্তি দেন। যখন আমরা মনে করি যে আমরা ভালোবাসা পাওয়ার যোগ্য নই, তখনও তিনি আমাদের ভালোবাসা দেন। রোমীয় ৮:৩২ পদে বলা হয়েছে,"**যিনি তাঁর নিজ পুত্রকেও নিষ্কৃতি দেননি, কিন্তু আমাদের সকলের জন্য তাঁকে সমর্পণ করেছেন–তিনি কি তাঁর সঙ্গে সবকিছুই কৃপাপূর্বক আমাদের দান করবেন না?**" তাঁর কাছে যাজ্ঞা করুন, তিনি আপনাকে আগ্রহের সঙ্গে সমস্ত উত্তম বিষয়গুলি দেবেন।

তাঁর সঙ্গে প্রতিদিন কথা বলুন, তাঁর বাক্য পাঠ করুন। যদি আপনার তাঁর কণ্ঠস্বর শোনার অভিজ্ঞতা না থাকে তাহলে আজই তাঁর কাছে যাজ্ঞা করুন। প্রার্থনাটি করুন " হে প্রভু, আমি কাছ থেকে তোমাকে অনুসরণ করতে চাই, দূর থেকে নয়; আমার সঙ্গে কথা বলো। আমাকে তোমার রব শুনতে দাও। হে প্রভু, আমি যেন কেবল তোমার রব না শুনি কিন্তু তুমি যা বলেছো তা করতে আমাকে সাহায্য করো। আমেন।"

**হে প্রভু, কাছ থেকে তোমার সঙ্গে চলতে সাহায্য করো এবং দূর থেকে নয়!**

************


## নহিমিয় বাইবেল কলেজ

সান্ধ্যকালীন / আবাসিক কলেজ

চীপক এবং সন্তোষপুরম

মাধ্যম: তামিল

Registered Candidate for Membership
Asia Theological Association (ATA)

৫৩ বছর যাবৎ আন্তজার্তিক খ্রীষ্টিয় নেতৃবর্গ এবং বরিষ্ঠ পালকদের দ্বারা স্বীকৃত

Diploma in Ministry : One year
Diploma in Theology : Two years
Bachelor of Theology : Three years

শিক্ষগত যোগ্যতা: দশম শ্রেণী এবং তদুর্ধ
ভর্ত্তির জন্য সত্বর যোগাযোগ করুন!

**Contact : The Chairman, Nehemiah Bible College.**
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org
⋆ ONLINE CLASSES ARE AVAILABLE ⋆

RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/21-23 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/21-23

### গীতসংহিতা ১২১: ৭-৮

সদাপ্রভু তোমাকে সকল অমঙ্গল থেকে রক্ষা করবেন; আর তিনি তোমার প্রাণরক্ষা করবেন;তোমার যাওয়া আসার পথে সদাপ্রভু তোমাকে রক্ষা করবেন এখন থেকে চিরকাল পর্যন্ত।

## OUR BANK DETAILS:

### *1. Bank : State Bank of India*

Branch : **Triplicane, Chennai-5**
Name : **S. Sam Selva Raj**
A/C No. : **1023 2934 679**
IFSC : **SBIN 00 00 249**
SWIFT CODE : **SBI NIN BB 455**

### *2. Bank : ICICI Bank*

Branch : **Anna Salai, Chennai-6**
Name : **Echo of His Call**
A/C No. : **6038 0502 2319**
IFSC : **ICIC 000 6038**

### *3. Bank : State Bank of India*

**(This Account is for Tax Exemption for Indians only )**

Branch : **Triplicane, Chennai-5**
Name : **Echo of His Call Educational Trust**
A/C No. : **1023 2923 805**
IFSC : **SBIN 00 00 249**

**Google Pay: 98410 71858**
**PayPal : SAM SELVA RAJ**
*****
**E.mail : sam@echoofhiscall.org**

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিন্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য :** ১০০ টাকা **আজীবন গ্রাহক মূল্য :** ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :

## ECHO OF HIS CALL

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852, 95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.com

**YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO**

RNI NO. 70104/98
**Postal Regn. No. TN/CH/(C)/205/21-23**
**WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/21-23**
**Date of Publication: Second week of every month**
**Date of Posting : 13th & 14th of every month**
**Posted at "Egmore RMS / 1 Patrika Channel"**
**on 14th** JUL 2023
**If un-delivered please return to:**
**ECHO OF HIS CALL (BENGALI)**
P.O. Box No. 2957,
**Chepauk, Chennai - 600 005, INDIA.**
**Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766**

## *JESUS LOVES YOU!*

**To**

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by **S. Sam Selva Raj** at **Echo of His Call Printers,** New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**